ইসরায়েলের সব স্থানে আমরা হামলা চালাতে সক্ষম: ইসলামি জিহাদ আন্দোলন

ফিলিস্তিনের অন্যতম প্রধান প্রতিরোধকামী সংগঠন ইসলামী জিহাদ আন্দোলন বলেছে, তারা দখলদার ইসরায়েলের যে কোনো স্থানেহামলা চালাতে সক্ষম।

সংগঠনের মহাসচিব জিয়দা আল নাখালা মঙ্গলবার একটি টেলিভিশন চ্যানেলের মাধ্যমে দেয়া বক্তৃতায় এ কথা বলেন। খবর পার্সটুডের।

তিনি জানান, ইসরায়েলের রাজধানী তেলআবিবসহ যে কোনো অংশে তার সংগঠনের যোদ্ধারা রকেট বা ক্ষেপণাস্ত্র হামলা চালাতে সক্ষম। যখন প্রয়োজন হবে জিহাদ আন্দোলন তখনই হামলা চালাতে পারে বলে তিনি উল্লেখ করেন।

২০০০ সালের পর থেকে ইসরায়েল গাজা উপত্যকায় তিন দফা আগ্রাসন চালিয়েছে। গাজাভিত্তিক ইসলামী প্রতিরোধ আন্দোলন হামাসের পাশাপাশি জিহাদ আন্দোলন ইসরায়েলের বিরুদ্ধে লড়াই করেছে।

এ ছাড়া প্রতিদিন ইসরায়েল যে আগ্রাসন চালায় তা থেকে ফিলিস্তিনিদের রক্ষার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে ইসলামী জিহাদ।

নাখালা বলেন, দখলদার ইসরায়েলের বিরুদ্ধে অধিকৃত ভূখণ্ডের সব জায়গায় লড়াই-সংগ্রাম করা তাদের সংগঠনের বৈশিষ্ট্য হয়ে গেছে।

জিয়াদ আল নাখালা ফিলিস্তিনি সংগঠনগুলোর মধ্যে জাতীয় ঐক্য প্রতিষ্ঠার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ফিলিস্তিনের যে সংগঠন দখলদার ইসরাইলের বিরুদ্ধে লড়াই করবে, তাদের সঙ্গে সংহতি প্রকাশ করবে জিহাদ আন্দোলন।

মহামারীতে মৃত্যু হয়েছিল ট্রাম্পের দাদার, প্রকাশ্যে এল চাঞ্চল্যকর তথ্য!

করোনাভাইরাস মহামারীতে বিপর্যস্ত গোটা বিশ্ব। এই ভাইরাসের প্রকোপে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত বিশ্বের সবচেয়ে বেশি ক্ষমতাধর রাষ্ট্র আমেরিকা। বর্তমানে দেশটির বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও সস্ত্রীক আক্রান্ত এই ভাইরাসে।

যদিও ডোনাল্ড ট্রাম্প এই ভাইরাস ও মহামারীকে শুরু থেকেই তেমন পাত্তা দিচ্ছেন না, তবে তার করোনা আক্রান্তের পর প্রকাশ্যে এসেছে এক চাঞ্চল্যকর তথ্য।

সেটি হচ্ছে, ট্রাম্পের দাদাও মহামারীতে আক্রান্ত হয়েছিলেন। এমনকি তার মৃত্যুও হয়েছিল মহামারীতেই। সেটি ছিল স্প্যানিশ ফ্লু মহামারী। খবর ওয়াশিংটন পোস্ট ও সিএনএন’র।

ডোনাল্ড ট্র্যাম্পের দাদার নাম ফ্রেডরিক ট্রাম্প। তিনি ১৯১৮ সালে মহামারী স্প্যানিশ ফ্লুতে আক্রান্ত হন। ওই সময় স্প্যানিশ ফ্লুতে বিশ্বে ৫০ কোটি মানুষ আক্রান্ত হন এবং প্রাণ হারান প্রায় ৫ কোটি। স্প্যানিশ ফ্লুকে ইনফ্লুয়েঞ্জাও বলা হয়!

জানা গেছে, সেই সময়ে স্প্যানিশ ফ্লুতে সবচেয়ে বেশি মানুষ মারা যান যুক্তরাষ্ট্রেই। সেই সময়ও এই ভাইরাসের সঙ্গে লড়তে অনেকটাই দেরি করে ফেলেছিল যুক্তরাষ্ট্র। কোভিড-১৯ মহামারীতে সবচেয়ে বেশি আক্রান্ত যুক্তরাষ্ট্রে। মৃত্যুতেও যুক্তরাষ্ট্রের ধারেকাছে নেই কোনও দেশ।

ওয়ার্ল্ডওমিটারের তথ্যানুযায়ী, মঙ্গলবার বিকাল পর্যন্ত করোনায় মারা গেছেন যুক্তরাষ্ট্রের ২ লাখ ১৫ হাজারের বেশি মানুষ। আর আক্রান্ত হয়েছেন ৭৬ লাখ ৭৯ হাজারের বেশি মানুষ।

গত শুক্রবার করোনায় আক্রান্ত হওয়ার খবর দেন খোদ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফার্স্টলেডি মেলানিয়াও একই দিন আক্রান্ত হন। ট্রাম্প এই মহামারীকে গুরুত্ব দেননি। তিনি এটিকে সাধারণ ফ্লু বলে উল্লেখ করতেন। অথচ ট্রাম্প কি জানেন তার

উত্তরসূরির মৃত্যু ফ্লুতেই হয়েছিল।

ট্রাম্পের দাদা ফ্রেডরিক ট্রাম্পের জন্ম ১৮৬৯ সালে। তিনি ছিলেন একজন জার্মান-আমেরিকান ব্যবসায়ী।

তিনি মাত্র ১৬ বছর বয়সে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। ১৮৯২ সালে তিনি মার্কিন নাগরিকত্ব গ্রহণ করেন। পরে স্প্যানিশ ফ্লুতে মারা যান।

বার্সেলোনায় সুখী নয় গ্রিয়েজমান: দেশম

বার্সেলোনার জার্সিতে জ্বলে উঠতে পারেননি আতোঁয়া গ্রিয়েজমান। লা লিগায় ৩৫ ম্যাচ খেলে মাত্র ৯ গোল করেন ফরাসি ফরোয়ার্ড। তার জাতীয় দলের কোচ দিদিয়ের দেশমের দাবি, বার্সেলোনায় গিয়ে সুখী নন গ্রিয়েজমান।

সোমবার সংবাদ সম্মেলনে ফ্রান্সের কোচ বলেছেন, ‘আমি তার সঙ্গে কথা বলেছি এবং তার সঙ্গে পরে দেখাও হবে। আমি নিশ্চিত সে এই পরিস্থিতিতে সুখী নয়। অন্য ক্লাবে আমার খেলোয়াড়কে ব্যবহারে হস্তক্ষেপ করি না আমি, সেটা বার্সা বা যে ক্লাবই হোক না কেন। আতোঁয়া এখন ডানপাশে খেলছে।’

যে কোনও পরিস্থিতির সঙ্গে গ্রিয়েজমানকে মানিয়ে নেওয়ার পরামর্শ দিয়েছেন দেশম, ‘এটা সত্যি যে কোমান তাকে বলেছে যে, তিনি বুঝতে পারেননি যে সে আরও বেশি সেন্ট্রাল পজিশনে খেলতে অভ্যস্ত। কিন্তু আঁতোয়াকে মানিয়ে নিতে হবে। আমার কাছে সে সেন্ট্রালে অনেক বেশি কার্যকরী। ওই পজিশনে থেকে সে মাঝমাঠেও সাহায্য করতে পারে।’

বার্সার নতুন কোচ কোমান এই মৌসুমে লিওনেল মেসি ও আনসু ফাতির সঙ্গে মানিয়ে নিতে গ্রিয়েজামনকে উইংয়ে খেলাচ্ছেন। কিন্তু প্রত্যেক খেলোয়াড়কে তার সেরা পজিশনে খেলানো উচিত মনে করেন দেশম, ‘বার্সার ভিন্ন পরিস্থিতি ও পদ্ধতি মাথায় রেখে যেটা সবচেয়ে

ভালো হবে আমরা সেটাই করবো। আঁতোয়া কখনও অভিযোগ করে না। কিন্তু তার পূর্ণ সম্ভাবনা তখনই কাজে লাগবে যখন সেরা পজিশনে খেলবে।’

কালাম মাস্টারের বিরুদ্ধে এবার নারী নির্যাতন মামলা

মেহেরপুরের আলোচিত প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে এবার নারী নির্যাতন মামলা দায়ের হয়েছে।

সম্প্রতি মেরিনা খাতুন নামের এক নারী মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমণ ট্রাইব্যুনালে এ মামলা দায়ের করেন। মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তদন্ত করে দ্রুত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

মামলায় আরো তিন জনকে আসামি করা হয়েছে। তারা হলেন বাদির স্বামী মিজানুর রহমান, শ্বশুর ফুল ছুরাত ও শাশুড়ি মিহিজান । আসামি আবুল কালাম আজাদ সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি বাদি সম্পর্কে নুন্দাই।

আলোচিত আবুল কালাম আজাদের বিরুদ্ধে ইতিপূর্বে মেহেরপুর প্রতিদিনসহ বিভিন্ন জাতীয় দৈনিক ও টেলিভিশনে দুর্নীতি নিয়ে একাধিক সংবাদ প্রকাশ হয়েছে। তিনি একটি হত্যা মামলারও প্রধান আসামি।

এদিকে নারী নির্যাতন মামলার এজাহারে জানা গেছে, ২০১১ সালের ২ ফেব্রুয়ারি বাদির সাথে আসামি মিজানুর রহমানের বিয়ে হয়। বিয়ের সময় আসামি নগদ এক লাখ টাকা ও ৩২ হাজার টাকা মূল্যের স্বর্ণের আংটি যৌতুক হিসেবে গ্রহণ করে। পরে আরো এক লাখ টাকা যৌতুক দাবি করিলে দিতে না পারায় আসামি বাদিকে তালাক দেয়।

এর পর পুনরায় এক লাখ টাকা দিলে আসামি বাদিকে বিয়ে করে। পরবর্তিতে আসামিরা আরো এক লাখ টাকা করে। সেই দাবি পূরণ না করতে না পারায়

চলতি বছরের ২৫ জানুয়ারি বাদিকে পুনরায় তালাক দেন আসামি মিজানুর রহমান। তালাক দেওয়ার পর ওই এক লাখ টাকা প্রদান করিলে সমঝোতার মাধ্যমে পুনরায় গত ১০ মে বিয়ে করেন আসামি।

বারবার বিয়ে এবং তালাকের সময় সংসার কালীন সময়ে আসামি আবুল কালাম আজাদের পরামর্শে বাদির স্বামি মিজানুর রহমান, শ্বশুর ফুলছুরাত ও শাশুড়ি মিহিজান বাদিকে প্রায় নির্যাতন করতে থাকে। শেষ বারের বিয়ের পর পুনরায় আরো ২ লাখ টাকা দাবি করে।

টাকা দিতে অস্বীকার করলে আসামিরা বাদিকে শারীরিক নির্যাতন করে এবং গর্ভবতী থাকায় তার পেটে লাথি মারে ভ্রুণ নষ্টার করার উদ্দেশ্যে। এসময় বাদির চিৎকারে প্রতিবেশীরা ঘটনাস্থলে পৌছে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। পরবর্তিতে বাদির গর্ভপাত ঘটে।

অপহরনের ২০ দিন পর উদ্ধার হলো বন্যা খাতুন

অপহরনের ২০ দিন পর অবশেষে মুজিবনগর থানা পুলিশের চেষ্টায় উদ্ধার হয়েছে ১৮ বছরের বালিকা বন্যা খাতুন(সুবর্ণা)।

মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে অপহরনকারী মেহেরপুর শহরের কাশবপাড়া মাহফুজুর রহমানের বাড়ি থেকে তাকে উদ্ধার করা হয়। পরে ভিক্টিম এর ডাক্তারি পরিক্ষা শেষে জবানবন্দি গ্রহন করার জন্য আদালতে নেওয়া হয়।

উদ্ধারকৃত বন্যা খাতুন মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের আনারুল ইসলামের মেয়ে।

এদিকে অপহরনকারী আসামী মেহেরপুর সদর উপজেলার মেহেরপুর শহরের কাশবপাড়ার বাসিন্দা।

জানা গেছে,গত ১৪ সেপ্টেম্বর নিজ বাড়ি থেকে বন্যা অপহরন হওয়ার পর দির্ঘদিন খোজাখুজির পর কোন সন্ধান না পেয়ে সর্বশেষ। গত সোমবার বন্যা খাতুনের মা বিলকিস খাতুন বাদী হয়ে আদালতে মাহফুজুর রহমানকে

আসামী করে একটি অপহরন ও ধর্ষণ মামলা করেন।

পরে মামলাটি মুজিবনগর থানায় রেফার করলে পুলিশ মামলাটি আমলে নিয়ে মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই পলাশ কুমার রায় খোজাখুজি শুরু করলে পরের দিন সকালে বন্যা খাতুনকে আসামীর বাড়ি থেকে উদ্ধার করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, আদালতের নির্দেশে পুলিশ খোজাখুজি করে আসামীর বাড়ি থেকে ভিক্টিমকে উদ্ধার করে।
ভিক্টিম উদ্ধারের পর ডাক্তারি পরিক্ষা শেষে জবানবন্দি গ্রহন করার জন্য আদালতে প্রেরন করা হয়েছে।

মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে মিছিলে পুলিশের বাধা

“সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে বিক্ষোভ মিছিল করে। মিছিলটি মেহেরপুর পৌরসভার সামনে পৌঁছালে মেহেরপুর জেলা পুলিশের বাধায় বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয় ইসলামী যুব আন্দোলন।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা ইসলামী আন্দোলনের সভাপতি মুফতি হুজাইফা’র নেতৃত্বে এই বিক্ষোভ মিছিলটি অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ইসলামী যুব আন্দলনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি তরিকুল ইসলাম, সহ-সভাপতি রহমতুল্লাহ এবং ইসলামী আন্দোলনের সভাপতি অধ্যক্ষ খাদেমুল ইসলাম প্রমুখ।

বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে পৌরসভার দিকে আসলে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয়। তারা জানান, অনুমতি ছাড়া এ ধরনের বিক্ষোভ মিছিল করা যাবে না।

এই বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহ্ দারা খান ‘মেহেরপুর প্রতিদিন’কে জানান, ইসলামী যুব আন্দোলনের মিছিলটিতে পুলিশ কোনোরকম বাধাগ্রস্থ করে নাই। তারা মিছিলটি সম্পন্ন করে চলে যায়।

মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শেষ

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শেষ হয়েছে। শেষ পর্বে নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন ৫০ জন আনসার সদস্য।

বুধবার দুপুরের মেহেরপুর পুলিশ লাইন প্রাঙ্গণে
মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি উপস্থিত থেকে বিদায় আনসার সদস্যদের কে ফুলের শুভেচ্ছা জানিয়ে বিদায়ী সংবর্ধনা জানান।

উল্লেখ্য মেহেরপুর জেলার বিভিন্ন ক্যাম্পে পুলিশের সাথে আনসার ব্যাটালিয়ন এর সদস্য কর্মরত ছিলেন। সরকারি সিদ্ধান্ত মোতাবেক আনসার সদস্যকে নিজ ব্যাটালিয়ানে ফেরত পাঠানো হয়েছে ।

এ সময় উপস্থিতছিলেন, অতিরিক্তি পুলিশ সুপার জামিরুল ইসলাম (প্রসাশন), অতিরিক্তি পুলিশ সুপার হাসিবুল আলম (সদর)।

গাংনী পৌরসভায় ৫৫ কোটি টাকা

ব্যায়ে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কাজের উদ্বোধন

মেহেরপুরের গাংনী পৌরসভার ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কাজের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে এ কাজের উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের সংস্দ সাহিদুজ্জামান খোকন ।

গাংনী পৌরমেয়র আশরাফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

পৌরবাসির সুপেয় পানির জন্য ৫৫ কোটি টাকা ব্যায়ে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে সাড়ে ১৩ কোটি টাকার টেন্ডার করে ও কাজের উদ্বোধন করা হয়।

পৌর সভার পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প বিএমডাব্লিউএসএসপি প্রকল্পে জিওবি,বিশ্ব ব্যাংক,এআইআইবি অর্থায়নে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করবে।
কাজের চুক্তি করেন ঠিকাদারী প্রতিষ্ঠান এ,বি,এম ওয়াটার কোম্পানি লিমিটেড।

এসময় পৌরসভার বিভিন্ন ওয়ার্ড কাউন্সিলর, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ধর্ষণের প্রতিবাধে মানববন্ধন

মেহেরপুরের সামাজিক সংগঠন অংকুরের উদ্যোগে “ধর্ষণের প্রতিবাদে রুখে দাঁড়াও বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে রাস্তায় নেমে মানববন্ধন করে কলেজ পড়ুয়া শিক্ষার্থীরা।

বুধবার সকালে মেহেরপুর প্রেসক্লাবের সামনে বাঁধনের সভাপতিত্বে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটির উপদেষ্টা আব্দুল আল আমিন।

এসময় তিনি বলেন, প্রতিনিয়তই আমরা সোশ্যাল মিডিয়া গুলোতো দেখছি যেখানে সেখানে মা-বোনেরা ধর্ষণ হচ্ছে। এই ধর্ষনের বিষয়টি যেন সামান্য বিষয় হয়ে দাড়িয়েছে। আমাদের বাংলাদেশ এতোটায় বেপরোয়া হয়ে ইঠেছে যে সব সময় ভয়ে থাকতে হয়। কখন না জানি আমার মা-বোন ধর্ষণ হয়।

তিনি আরও বলেন, ধর্ষকদের কোন দৃর্ষমান শাস্তি না হওয়ায়, দিনদিন বেড়েই চলেছে। ধর্ষনের শাস্তি যদি মৃত্যু দন্ড হয় তবে ধর্ষণ কমতে পারে বলে আমি মনে করি।

এসময় আরো উপস্থিত ছিলেন, সহ-সাংগঠনিক সম্পাদক তানভীর হোসেন শাকিল, জাকির, বর্ষণ, শাম্মা, মেঘা, মাইশা, হিমেল, সাজু, শিমু সহ সংগঠনটির আর সদস্যবৃন্দুরা।

বাবরি মসজিদ মামলার রায় আজ

১৯৯২ সালের ডিসেম্বরে গুড়িয়ে দেয়া হয় ১৫ শতকের ঐতিহ্যবাহী বাবরি মসজিদ। ২৮ বছর পর সেই ঘটনার মামলার রায় হচ্ছে আজ (৩০ সেপ্টেম্বর)।

আজ সকাল ১০টায় রায় ঘোষণার প্রক্রিয়া শুরু হবে। রায় ঘোষণা করবেন বিচারক সুরেন্দ্রকুমার যাদব রায়। রায় ঘোষণার সময় অভিযুক্তদের সশরীরে আদালতে হাজির থাকতে নির্দেশ দেওয়া হয়েছিল। কিন্তু নোভেল করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এই মুহূর্তে হৃষীকেশের হাসপাতালে ভর্তি উমা ভারতী।

এদিকে বয়সজনিত কারণে লালকৃষ্ণ আদবাণী এবং মুরলিমনোহর জোশী আদালতে যাবেন না বলে জানিয়েছেন আদবাণীর সচিব দীপক চোপড়া। আদালত ব্যবস্থা করলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাঁরা আদালতে হাজিরা দেবেন বলে জানিয়েছেন তিনি।

সূত্রঃ আনন্দবাজার